

**নোয়াখালী জেলার সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট এবং উপজেলা সমবায় অফিস, সুবর্ণচর, নোয়াখালী কর্তৃক আয়োজিত  
ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত প্রতিবেদন।**

স্থান - নিজেরা করি, আঞ্চলিক কার্যালয়, চর জব্বার অঞ্চল, উপজেলা-সুবর্ণচর, জেলা-নোয়াখালী।

তারিখ- ০৭/১০/২০২১

নোয়াখালী জেলার সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট এবং উপজেলা সমবায় অফিস, সুবর্ণচর, নোয়াখালী কর্তৃক বিগত ০৭/১০/২০২১খ্রি. তারিখে দিনব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে কোর্স পরিচালক ও প্রশিক্ষক এবং সহকারী কোর্স পরিচালক ও সহকারী প্রশিক্ষক, উপস্থিত ছিলেন। জেলা সমবায় অফিসার, নোয়াখালী মহোদয় কর্তৃক যথাসময়ে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন করা হয়।

উপজেলা সমবায় অফিসার, সুবর্ণচর, নোয়াখালী কর্তৃক উক্ত প্রশিক্ষকের প্রয়োজনীয়তা এবং প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে বিভিন্ন বিষয়ে সমবায়ীদের দক্ষতা অর্জন সংক্রান্ত দিক নির্দেশনা মূলক স্বাগত বক্তব্য প্রদান করেন। পরবর্তীতে প্রশিক্ষণ সূচী অনুসরণ করে নিম্নবর্ণিতভাবে অতিথি বক্তাগণ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করেন।

ক্র নং	অতিথি বক্তার নাম	পদবী	প্রশিক্ষণের বিষয়বস্তু
১	জনাব মোঃ হাবুন অর রশিদ	উপজেলা কৃষি অফিসার সুবর্ণচর, নোয়াখালী	কৃষি বিষয়ে সফলতা কৌশল বিষয়ক আলোচনায় আধুনিক কৃষি উপকরণ যেমন সার, বীজ কীটনাশক ইত্যাদি সঠিক ব্যবহার বিষয়ক ধারণা ও বাড়ির আঙ্গিনায় শাক-সবজি ফলমূল চাষ করে আয় বৃদ্ধিকরণ, খামার তৈরীর কর্মকৌশল বর্ণনা করেন।
২	জনাবা মোঃ বেদন হোসেন খান	জেলা সমবায় অফিসার নোয়াখালী।	সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠান এবং সাধারণ সদস্য অধিকার ও কর্তব্য। বিবাদ নিষ্পত্তি ও মানি লন্ডারিং আইন সম্পর্কে ধারণা প্রদান।
৩	জনাব ডাঃ আইনুল হক	উপজেলা প্রাণী সম্পদ অফিস সুবর্ণচর, নোয়াখালী।	হাঁস-মুরগী, গরু-ছাগল ও গৃহপালিত অন্যান্য পশু লালন-পালনের মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আয় বৃদ্ধিকরণ। প্রাণী সম্পদ বিষয়ক আলোচনা। খামার তৈরির কর্মকৌশল বর্ণনা।

সর্বশেষে উপজেলা সমবায় কর্মকর্তার আহবানে প্রশিক্ষনার্থীদের মধ্য হতে ০৮ নং সাবলম্বী ভূমিহীন যৌথকৃষি সমবায় সমিতি লিঃ এর সদস্য জনাব মোঃ ফারুক প্রশিক্ষণের সার্বিক মূল্যায়ন করে অভিমত ব্যক্ত করেন। বিশেষ করে উপজেলা কৃষি অফিসার এবং উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ অফিসার কর্তৃক যে সকল বিষয়ে বক্তব্য প্রদান করেন সে সকল বিষয়ে সদস্যগণের দৈনন্দিন জীবনে বাস্তবমুখি উপকারে আসবে বলে তিনি তার বক্তব্যে তুলে ধরেন।

উক্ত প্রশিক্ষণের কিছু স্থিরচিত্র এতদসঙ্গে সংযুক্ত করা হল।

